মেহেরপুরের বিশিষ্ট জনেরা কে কোথায় ঈদের নামাজ আদায় করবেন

মুসলমানদের দুটি বৃহত্তম ধর্মীয় উৎসবের মধ্যে ঈদুল আযহা অন্যতম।ঈদুল আযহাকে কেন্দ্র করে উৎসব মুখর পরিবেশ এখন প্রতিটি মুসলিম ঘরে ঘরে।

ইতোধ্যে নাড়ির টানেই দেশের পানে ছুটে এসেছেন অনেকেই। কারণ, আপনজনদের সাথে ঈদের নামায প্রতিটি মুসলিম মানুষের ধর্মীয় অনুসঙ্গের একটি।এলাকার বিশিষ্ট জনেরা নিজ নিজ এলাকায় ঈদের নামায আদায়ের পাশাপাশি কুশল বিনিময় করে নেন একে অপরের খোঁজ খবর। সে ধারাবাহিকতায় মেহেরপুর জেলার বিশিষ্টজনদের ঈদ-উল আযহার দুই রাকাত ওয়াজিব নামাজ কে কোথায় পড়বেন এ নিয়ে আমাদের বিশেষ আয়োজন।

মেহেরপুর প্রতিদিনি প্রকাশক ও রাজধানী টিভির পরিচালক বাংলাদেশ আওয়ামীলীগের কেন্দ্রীয় উপকমিটির সদস্য ও আনিসা গ্রুপের স্বতাধিকারী এম এ এস ইমন ঈদের নামাজ আদায় করবেন ঢাকা মিরপুর কেন্দ্রীয় ঈদগাহ ময়দানে।

বাংলাদেশ সরকারের জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ফরহাদ হোসেন এমপি, মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান, মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য ও মেহেরপুর জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন, মেহেরপুর পৌরসভার সাবেক মেয়র মোতাছিম বিল্লাহ মতু মেহেরপুর পৌর ঈদগাহের প্রধান জামাতে নামাজ আদায় করবেন। এবং নামাজ শেষে এলাকার মানুষের সুখ ও কল্যাণ কামনা করে বিশেষ মোনাজাত অনুষ্ঠিত হবে। পরে নিজ নিজ বাড়ির সামনে স্থানীয় নেতা কর্মীদের সাথে ঈদের কুশল বিনিময় করবেন তারা।

মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন তার নিজ গ্রাম তেরাইল কেন্দ্রীয় মাঠে নামাজ আদায় করবেন। মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক ও মেহেরপুর-২ আসনের সাবেক এমপি আমজাদ হোসেন তার নিজ গ্রাম হিন্দা কেন্দ্রীয় ঈদগাহ ময়দানে নামাজ আদায় করবেন। মেহেরপুর-২ আসনের সাবেক এমপি মকবুল হোসেন গাংনী কেন্দ্রীয় ময়দানে ঈদের নামাজ আদায় করবেন। পরে এসব জনপ্রতিনিধি নিজ এলাকায় ও গাংনী উপজেলা শহরের বাড়িতে নেতা

কর্মীদের সাথে কুশল বিনিময় করবেন।

মেহেরপুর জেলা পরিষদের প্রশাসক গোলাম রসুল, মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য জয়নাল আবেদীন, পৌর-মেয়র মাহফুজুর রহমান রিটন,মেহেরপুর সদর উপজেলা চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের বিএটিবি সংলগ্ন পৌর ঈদগা মাঠে নামাজ আদায় করবেন।

মেহেরপুর জেলা পরিষদের সাবেক প্রশাসক ও আইনজীবি সমিতিরি সভাপতি অ্যাডভোকেট মিয়াজান আলী মেহেরপুর পুরাতন ঈদগাহ মাঠে নামাজ আদায় করবেন।

মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক নামাজ আদায় করবেন গাংনী পৌর কেন্দ্রীয় ঈদগাহ মাঠে। এবং গাংনী পৌর সভার মেয়র আহম্মেদ আলী নামাজ আদায় করবেন চৌগাছা কেন্দ্রীয় ঈদগাহ ময়দানে। সাবেক মেয়র আশরাফুল ইসলাম গাংনী কেন্দ্রীয় ঈদগাহ ময়দানে নামাজ আদায় করবেন।

মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন ও ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু পৌর ঈদগাহ ময়দানে নামাজ আদায় করবেন। মুজিবনগর উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস তার নিজ গ্রাম আনন্দবাস গ্রামের কেন্দ্রীয় ঈদগাহ ময়দানে নামাজ আদায় করবেন।